দৈনিক সংবাদ

192

তারিখ ... ... DEC. 22 1999...
পৃষ্ঠা ..৯.. কলাম ..৪.....

## শিক্ষামন্ত্রী সমীপে

সরকার কোটি কোটি টাকা ব্যয় করে খুলনা শহরে অসংখ্য প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেছেন, যথেষ্ট শিক্ষিত ও যোগ্যতাসম্পন্ন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ-দানও করেছেন, বিদ্যালয়গুলোর বিদ্যার্থী-দের শিক্ষাদানের জন্য কিন্তু সেই সাথে এমন ব্যবস্থাও করে রেখেছেন যাতে করে কোন উচ্চাভিলাষী সচেতন পিতামাতার সন্তান এসকল সরকারি প্রাথমিক বিদ্যালয়-গুলোতে পড়তে না আসে এবং এ সকল বিদ্যালয়ে ৫ম শ্রেণীর পাঠ শেষ করে ছাত্রছাত্রীরা খুলনার কোন নির্ভরযোগ্য উচ্চ বিদ্যালয়ে বিশেষ করে খুলনার সকল শ্রেণীর অভিভাবক-অভিভাবিকার আস্থা-ভাজন স্কুল সরকারি জেলা ও করোনেশন স্কুলে ভর্তি হবার কোন প্রকার সুযোগ না পায়।

খুলনা মহানগরীর মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে ছাত্রদের জন্য সরকারি জেলা স্কুল ও ছাত্রীদের বেলায় সরকারি করোনেশন স্কুল খুলনার অভিভাবকবৃন্দের নিকট একমাত্র নির্ভরযোগ্য বিদ্যালয় হিসেবে পরিচিত। কিন্তু বিদ্যালয় দুটিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয় তৃতীয় শ্রেণীতে অথচ সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলো ৫ম শ্রেণী পর্যন্ত। সব থেকে মজার ব্যাপার উপরোক্ত সরকারি জেলা ও করোনেশন স্কুলের ৬ষ্ঠ শ্রেণীতে কোন ছাত্র-ছাত্রী ভর্তি করা হয় না। এখানে সুপরি-কল্পিতভাবে খুলনা মহানগরীর প্রাথমিক বিদ্যালয়গুলো ও প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষক-শিক্ষিকাবৃন্দকে শুধু অবহেলিতই নয়, খুলনাবাসীর নিকট হেয় প্রতিপন্ন করা হচ্ছে। তাইতো, আজ সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোকে বিদ্যালয় এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষক-শিক্ষিকা-বৃন্দকে শিক্ষক-শিক্ষিকা ভাবতেই খুলনা-বাসীর কষ্ট হয়।

-এমন দুঃখজনক এবং ন্যক্কারজনক ঘটনার অবসান ঘটাতে এবং প্রাথমিক বিদ্যালয়গুলো ও বিদ্যালয়গুলোর শিক্ষক-শিক্ষিকাবৃন্দের প্রতি খুলনাবাসীর আস্থা ফিরিয়ে আনতে হলে এ বছরই সরকারি জেলা ও করোনেশন স্কুলে তৃতীয় শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি বন্ধ করবার নির্দেশ দান করে ৬ষ্ঠ শ্রেণীতে ছাত্র-ছাত্রী ভর্তি করার ঘোষণা দিতে হবে।

খুলনার প্রাথমিক বিদ্যালয়গুলো ও তার শিক্ষক-শিক্ষিকাবৃন্দের স্বার্থে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীসহ খুলনার স্থানীয় প্রশাসন, যথাযথ কর্তৃপক্ষ, প্রাথমিক বিদ্যালয়গুলোর শিক্ষক-শিক্ষিকাবৃন্দ, সরকারি জেলা ও করোনেশন স্কুলের প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকা ও বিভিন্ন দৈনিক সংবাদ পত্রিকার সম্পাদকবৃন্দের দৃষ্টি আকর্ষণ করা হল।

এডভোকেট রুহুল আমিন
বার লাইব্রেরি, খুলনা।